**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 21-02-2026** **Time: 1.40 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে আগামী বিধানসভা নির্বাচনের প্রেক্ষিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক ৪৮০ কোম্পানী সশস্ত্র পুলিশ বাহিনী মোতায়েনের সিদ্ধান্ত নিয়েছে।

২) এরাজ্যে এসআইআর প্রক্রিয়ায় বিচারবিভাগীয় আধিকারিক নিয়োগের বিষয়ে সর্বোচ্চ আদালতের নির্দেশে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি আজ সংশ্লিষ্টদের সঙ্গে বৈঠকে বসতে চলেছেন।

৩) আগামীকাল আকাশবাণীতে প্রধানমন্ত্রীর মন কি বাত।

৪) আজ অমর একুশে। ভাষা শহীদদের স্মরণে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। পালিত হচ্ছে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসও।

৫) দক্ষিণ ২৪ পরগণার নাজিরাবাদে অগ্নিকান্ডে নিহতদের মধ্যে ১৮ জনের দেহাবশেষ শনাক্তকরণের পর পরিবারের হাতে তুলে দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে।

৬) আগামী সোমবার থেকে সারা রাজ্যেই মেঘলা আকাশ ও বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা।

---

আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে রাজ্যে ৪৮০ কোম্পানি কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী (সিএপিএফ) মোতায়েনের সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। রাজ্যের মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব এবং রাজ্য পুলিশের ডিজিপিকে পাঠানো এক চিঠিতে স্বরাষ্ট্র মন্ত্রক

জানিয়েছে, প্রথম দফায় ৪৮০ কোম্পানি বাহিনী মোতায়েন করা হবে। এর মধ্যে পয়লা মার্চের মধ্যে ২৪০ কোম্পানি এবং ১০ই মার্চের মধ্যে বাকি ২৪০ কোম্পানি বাহিনী রাজ্যে পৌঁছবে ।

পয়লা মার্চের মধ্যে যে বাহিনী মোতায়েন হবে তার মধ্যে রয়েছে—১১০ কোম্পানি সিআরপিএফ, ৫৫ কোম্পানি বিএসএফ, ২১ কোম্পানি সিআইএসএফ, ২৭ কোম্পানি আইটিবিপি এবং ২৭ কোম্পানি এসএসবি।

নির্দেশিকায় বলা হয়েছে, এই বাহিনীকে বর্তমানে এলাকা নিয়ন্ত্রণ, ভোটারদের আস্থা বৃদ্ধির কাজে ব্যবহার করা হবে। এক একটি কোম্পানির ৯টি শাখার মধ্যে ৮টি শাখা ভোটকেন্দ্র ও সংশ্লিষ্ট এলাকার দায়িত্বে থাকবে, অপর একটি সেকশন নিয়োজিত থাকবে কুইক রেসপন্স টিম ও তদারকির কাজের জন্য ।

-----------------

পশ্চিমবঙ্গে এস আই আর প্রক্রিয়ায় জুডিশিয়াল অফিসার নিয়োগের বিষয়ে সর্বোচ্চ আদালতের নির্দেশে আজ হাইকোর্টের প্রধান বিচারপতি, রাজ্যের মুখ্যসচিব, মুখ্য নির্বাচনী আধিকারিক, রাজ্যের অ্যাডভোকেট জেনারেল এবং অ্যাডিশনাল সলিসিটর জেনারেল বৈঠকে বসতে চলেছেন। দুপুরের দিকে বৈঠক শুরু হতে পারে। সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি এবং বিচারপতি বিপুল এম পাঞ্চোলির বেঞ্চ পশ্চিমবঙ্গে SIR-এর বিরোধিতা করে নির্বাচন কমিশন এবং রাজ্যে মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে দায়ের করা মামলায় গতকাল এক নজিরবিহীন রায়ে এস আই আর প্রক্রিয়ায় জুডিশিয়াল অফিসার নিয়োগের নির্দেশ দেন। বেঞ্চ বলেছে, প্রাক্তন এবং কর্মরত জেলা বিচারক বা অতিরিক্ত জেলা বিচারক স্তরের আধিকারিকদের এজন্য নিয়োগ করা যেতে পারে। বিচারবিভাগীয় ওই আধিকারিকদের

সহায়তা করবেন নির্বাচন কমিশন এবং রাজ্য সরকারের আধিকারিকেরা। তাঁদের নির্দেশই সুপ্রিম কোর্টের নির্দেশ বলে গণ্য করা হবে। রাজ্যের ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন এস আই আর-এর কাজে তথ্যগত অসঙ্গতি বা লজিকাল ডিসক্রিপেন্সির ঘটনা কলকাতা হাইকোর্ট নিযুক্ত আধিকারিকরা নিষ্পত্তি করবেন বলেও জানানো হয়েছে।

এদিকে, এস আই আরের অধীনে এযাবৎ যতটুকু কাজ হয়েছে তার ওপর ভিত্তি করে আগামী ২৮ শে ফেব্রুয়ারী চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করতে হবে বলেও জানিয়েছে সুপ্রিম কোর্ট। বাকি থাকা কাজের নিরীখে পরবর্তী সময়ে অতিরিক্ত তালিকা প্রকাশ করবে কমিশন।

সুপ্রিম কোর্টের রায়ের প্রেক্ষিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, তারা চান যত দ্রুত সম্ভব যাচাই প্রক্রিয়া শেষ হোক। এজন্য যদি প্রতি ভুলের ক্ষেত্রে একজন করে বিচারবিভাগীয় আধিকারিককে যাচাইয়ের কাজে নিযুক্ত করা হয়, তাতেও তাঁদের কোনো আপত্তি নেই। আজকের বৈঠকে এই দৃষ্টিভঙ্গীর কথা তুলে ধরা হবে বলে মনে করা হচ্ছে।

-----------------

পশ্চিমবঙ্গে সংশোধিত নাগরিকত্ব আইন সি এ এ-র অধীনে নাগরিকত্ব দেওয়ার বিষয়ে দ্রুত সিদ্ধান্ত নিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক, বিশেষ ক্ষমতা সম্পন্ন বা ‘এমপাওয়ার্ড কমিটি’ তৈরী করেছে। সংশ্লিষ্ট গেজেট বিজ্ঞপ্তি জারী করে বলা হয়েছে, এখন থেকে ডেপুটি রেজিস্টার জেনারেল সেনশাস অপারেশন কমিটির মাথায় থাকবেন। কমিটির সদস্যদের নূন্যতম আন্ডার সেক্রেটারি পদ মর্যাদার অফিসার হতে হবে।

উল্লেখ্য, সংশোধিত নাগরিকত্ব আইন অনুযায়ী কিভাবে নাগরিকত্ব দেওয়া হবে সে বিষয়ে কেন্দ্র ২০২৪ এর মার্চ মাসেই বিধি নিয়ম জারী করেছিল।

---------------

ইন্ডিয়া এ আই ইমপ্যাক্ট এক্সপোর আজই শেষদিন। দর্শক, উদ্ভাবকদের বিপুল আগ্রহে এই এক্সপো-র মেয়াদ আরও একদিন বাড়ানোর কথা জানানো হয়েছিল। আজ সকাল ৯-টা ১৫ থেকে প্রদর্শনীর দরজা খুলে গেছে। চলবে সন্ধে ৬-টা পর্যন্ত। ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রকের পক্ষ থেকে একটি নির্দেশিকা জারি করে দর্শকের জন্য বিশেষ নিরাপত্তা ব্যবস্থার আয়োজন করেছে। অনুষ্ঠানস্থলে পার্কিং সুবিধা সীমিত হওয়ার দরুণ আগত দর্শকদের মেট্রো বা ক্যাবে আসার পরামর্শ দেওয়া হয়েছে। প্রবেশ দ্বারে সব প্রশাসনিক নেতৃবর্গকে সরকারি পরিচয়পত্র দেখিয়ে বৈধ qR code স্ক্যানের মাধ্যমে প্রবেশ করতে হচ্ছে। অনুষ্ঠানটি যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয়, তা নিশ্চিত করতে সব নির্দেশ যথাযথভাবে মেনে চলার আবেদন জানানো হয়েছে।

---------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube

channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

----------------

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে যথোচিত মর্যাদায় আজ পালিত হচ্ছে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি পূর্ব পাকিস্তানে অধুনা বাংলাদেশে উর্দু ভাষা চাপিয়ে দেওয়ার প্রতিবাদে ও বাংলা ভাষাকে প্রতিষ্ঠার দাবিতে ঢাকা শহরে ছাত্রদের প্রবল আন্দোলন চলাকালীন পুলিশের গুলিতে শহীদ হন ছাত্র রফিক উদ্দিন আহমেদ, আবুল বরকত, মোহাম্মদ সালাউদ্দিন সহ বেশ কয়েকজন ছাত্র। ভাষা আন্দোলনের সেই শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে রাষ্ট্রসঙ্ঘের গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রতিবছর একুশে ফেব্রুয়ারি পালিত হয় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।

একটি প্রতিবেদন - ভি সি অভিজিৎ

এদিকে, মুর্শিদাবাদের ভাষা শহীদ আবুল বরকতের গৌরবময় সংগ্রামের কাহিনী স্মরণ করে জেলা জুড়ে বিভিন্ন সংস্থা সংগঠন ও প্রতিষ্ঠান ভাষা দিবসের বিশেষ অনুষ্ঠানের আয়োজন করেছে।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আজ দক্ষিণ কলকাতার বাঘা যতীনে শুরু হচ্ছে একুশের বইমেলা। কলকাতা ক্রিয়েটিভ পাবলিশার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের উদ্যোগে ন'দিনের এই বইমেলার মূল ভাবনা হলো 'আক্রান্ত আমার ভাষা'। বিভিন্ন জেলা থেকে পরিযায়ী শ্রমিকরা আসবেন এই মেলায়। ১৯৫২ সালের ভাষা আন্দোলনের থিমে ৫২ জন চিত্রশিল্পী মেলা প্রাঙ্গণে উপস্থিত থেকে ছবি আঁকবেন। বইমেলায় ১০০ টি স্টল থাকছে।

----------------

দক্ষিণ ২৪ পরগণার নাজিরাবাদে গুদামে অগ্নিকাণ্ডের ২৬ দিনের মাথায় নিহত ১৮ জনের দেহাংশ, ডিএনএ ম্যাপিং এর মাধ্যমের সনাক্ত করা হয়েছে। আজ দেহাংশ গুলি কাটাপুকুর মর্গ থেকে নিহতদের পরিবারে হাতে তুলে দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে।

পুলিশ সূত্রে জানা গেছে, যে সব দেহাংশ চিহ্নিত করা সম্ভব হয়েছে তাদের মধ্যে পূর্ব মেদিনীপুরের ১৬ জন ,দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরের ১জন, পশ্চিম মেদিনীপুরের ১জন আছেন। চিহ্নিত এই কজন পরিবারকে আজ সকাল 11 টায় নাগাদ কাটাপুকুর মর্গে উপস্থিত থাকতে বলা হয়। এ নিয়ে সংশ্লিষ্ট জেলাগুলির প্রশাসনকেও ইতিমধ্যে জানিয়ে দেওয়া হয়েছে।

উল্লেখ্য, গত 26 শে জানুয়ারি সাধারণতন্ত্র দিবসের রাতে বিধ্বংসী অগ্নিকাণ্ডে পুড়ে ছাই হয়ে যায় নরেন্দ্রপুরের নাজিরাবাদ এলাকার দুটি গুদাম। এর মধ্যে একটি বহুজাতিক মোমো তৈরীর কারখানা, আরেকটি ডেকোরেটাসের গুদাম। আগুন লাগার সময় গুদামে কাজ করছিলেন বহু শ্রমিক। তাদের মধ্যে অধিকাংশ পূর্ব মেদিনীপুরের বাসিন্দা।

সেই ঘটনায় ২৭ জনের পরিবারের তরফে নিখোঁজ ডায়েরি করা হয় নরেন্দ্রপুর থানায়। প্রায় ছাই হয়ে যাওয়া দেহগুলি শনাক্তকরণের জন্য ডিএনএ ম্যাপিং এর প্রয়োজন পড়ায়নিহতদের নিকট আত্মীয়দের রক্তের নমুনা সংগ্রহ করা হয়।

----------------

স্কুল সার্ভিস কমিশনের শিক্ষাকর্মী নিয়োগের পরীক্ষায়, পরীক্ষার্থীদের পা ঢাকা জুতোর বদলে চটি পড়ে যেতে হবে বলে জানানো হয়েছে। আগামী পয়লা ও ৮ই মার্চ

রাজ্যে গ্রুপ–সি এবং গ্রুপ–ডি শিক্ষাকর্মী নিয়োগের পরীক্ষা হবে। ইতিমধ্যে পরীক্ষার্থীরা অনলাইনে অ্যাডমিট কার্ড ডাউনলোড করেছেন। সেই অ্যাডমিট কার্ডেই এ সংক্রান্ত নির্দেশিকা দিয়েছে স্কুল সার্ভিস কমিশন। গ্রুপ-সি ও গ্রুপ-ডি মিলিয়ে পরীক্ষার্থীর সংখ্যা প্রায় সাড়ে ১৬ লক্ষ। পরীক্ষা কেন্দ্রে যেকোনো ধরনের বৈদ্যুতিন সামগ্রী নিয়ে ঢোকা নিষিদ্ধ করা হয়েছে। সেই সঙ্গে পরীক্ষায় স্বচ্ছতা বজায় রাখার জন্যই পরীক্ষার্থীদের এবার চটি পড়ে আসার নির্দেশিকা জারি করা হয়েছে বলে কমিশন সূত্রে বলা হচ্ছে।

----------------

রাজ্যে আগামীকাল পর্যন্ত শুষ্ক আবহাওয়া থাকলেও বাতাসের গতি প্রকৃতি বদলানো এবং পশ্চিমী ঝঞ্ঝার কারণে সোমবার থেকে সারা রাজ্যেই মেঘলা আকাশ এবং বিক্ষিপ্ত ভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামীকাল পর্যন্ত তাপমাত্রা আরও দুই ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ অন্বেষা ভট্টাচার্য জানিয়েছেন। সোমবার বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে দক্ষিণবঙ্গের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, ঝাড়গ্রাম ও দক্ষিণ ২৪ পরগনা জেলায়। মঙ্গলবার বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে কলকাতা, উত্তর ও দক্ষিণ 24 পরগনা, হাওড়া ও হুগলি এবং পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলাতে। উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি ও কোচবিহার জেলাতেও বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

----------------

শিয়ালদা দক্ষিণ শাখায় পার্ক সার্কাস স্টেশনে পুরোনো ফুট ওভার ব্রিজ ভাঙ্গার জন্য আজ রাত ১০ টা ৪০ থেকে আগামীকাল সকাল ৬ টা ৪০ মিনিট পর্যন্ত ওই শাখায় ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এই কারণে আজ শিয়ালদা - লক্ষ্মীকান্তপুর, শিয়ালদা

- ক্যানিং, শিয়ালদা - ডায়মন্ড হারবার, Komagata Maru Budge Budge রুটে আপ ও ডাউন লোকাল বাতিল থাকবে।

---------------- ----------------